

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১০৬

৮. পবিত্ৰতা অর্জন (كِتَابُ الطَّهَارَة)

পরিচ্ছেদঃ মাহরাম নারীদের স্পর্শ করার কারণে ওয় ওয়াজিব হয় না মর্মে দলীল

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الْمُلَامَسَةَ مِنْ ذَوَاتِ الْمَحَارِمِ لَا تُوجِبُ الْوُضُوءَ

## আরবী

1106 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكِ عَنْ عَامِرِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ الزُّبَيْرِ عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ الزُّرَقِيِّ عَنْ أَبِي قَتَادَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الزُّبَيْرِ عَنْ عَمْرِو بْنِ سُلَيْمٍ الزُّرَقِيِّ عَنْ أَبِي قَتَادَةَ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُصَلِّي وَهُو حَامِلٌ أُمامة بِنْتَ زَيْنَبَ ابْنَتِهِ فَكَانَ إِذَا قَامَ حَمَلَهَا وإذا سجد وضعها. الراوي: أَبُو قَتَادَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1106 | خلاصة حكم المحدث: . صحيح.

## বাংলা

১১০৬. আবূ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, "তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর মেয়ে যয়নাব রাদ্বিয়াল্লাহু আনহার মেয়ে উমামাকে কোলে নিয়ে সালাত আদায় করতেন; যখন তিনি সালাতে দাঁড়াতেন, তখন তাকে কোলে নিতেন আর যখন সাজদায় যেতেন, তখন তাকে রেখে দিতেন।"[1]

## ফটনোট

[1] সহীহ মুসলিম: ৫৪৩; আবৃ দাউদ: ৯১৭; মুয়ান্তা ইমাম মালিক: ১/১৭০; মুসনাদ আহমাদ: ৫/২৯৫; সহীহ বুখারী: ৫১৬; নাসাঈ: ৩/১০; দারেমী: ১/৩১৬; তায়ালিসী: ১/১০৯; মুসনাদ ইমাম শাফে'ঈ: ১/৯৬; হুমাইদী: ৪২২; নাসাঈ: ৩/১০; তাবারানী কাবীর: ২২/১০৬৬।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৮৫১, ৮৫৩।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন